গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-৩ শাখা

বিষয়: “হাওর এলাকায় বন্যা ব্যবস্থাপনা ও জীবনযাত্রার মান উন্নয়ন (বাপাউবো অংশ) (২য় সংশোধিত)’’ শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ৭ম সভার কার্যবিবরণী।

সভাপতি	কবির বিন আনোয়ার সিনিয়র সচিব
সভার তারিখ	২০-০৬-২০২১।
সভার সময়	বেলা ১.৩০ ঘটিকা।
স্থান	পানি সম্পদ মন্ত্রণালয়ের সভাকক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট-ক।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সদস্যদের ও অনলাইনে যোগদানকৃত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুমতিক্রমে যুগ্ম-সচিব (উন্নয়ন-২), পাসম জানান যে, ৯৯৭৫৫.০০ লক্ষ টাকা ব্যয় সম্বলিত প্রকল্পটির বাস্তবায়ন মেয়াদ জুন, ২০২২ পর্যন্ত। মে, ২০২১ পর্যন্ত প্রকল্প কাজের বাস্তব অগ্রগতি ৮০.৫০% এবং আর্থিক অগ্রগতি ৬৫.৫০%।

২। প্রকল্পটির অগ্রগতি ও বাস্তব অবস্থা নিয়ে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্রকল্প পরিচালক প্রকল্পের বিবরণ এবং হালনাগাদ তথ্য ও অগ্রগতি Power Point Presentation এর মাধ্যমে উপস্থাপন করেন। তিনি বলেন প্রকল্পটি ১৩টি নতুন হাওর এবং ১৪টি পুনর্বাসন উপ-প্রকল্পসহ মোট ২৭টি উপ-প্রকল্প নিয়ে গঠিত। প্রকল্প এলাকা ১,৮৭,০০০ হেঃ ব্যাপী বিস্তৃত। প্রকল্পের প্রধান উদ্দেশ্য আগাম বন্যার হাত হতে বোরো ফসল রক্ষা এবং কৃষি প্রবর্ধনের মাধ্যমে এলাকার জনগণের জীবনযাত্রার মান উন্নয়ন করা। এ পর্যায়ে সভাপতি প্রকল্প পরিচালককে কাজের বর্তমান অগ্রগতিসহ বর্তমান সমস্যাসমূহ আলোচনা করার জন্য বলেন। প্রকল্প পরিচালক জানান যে, অত্র প্রকল্পের সার্বিক অগ্রগতি ৩১ মে ২০২১ পর্যন্ত ৮০.৫০% এবং আর্থিক অগ্রগতি ৭১.৪১%। প্রকল্পের ২য় সংশোধিত ডিপিপিতে মোট ৫৭টি Civil work Package এর মধ্যে জুন, ২০২০ পর্যন্ত মোট ৮টি প্যাকেজের কাজ সম্পন্ন করা হয়েছে; এছাড়া চলতি অর্থ বছরের ৩০ জুন, ২০২১ এর মধ্যে আরো ২৩টি প্যাকেজের কাজ সমাপ্ত হবে। অবশিষ্ট ২৬ টি {৫৭-(৮+২৩)} প্যাকেজের মধ্যে কাজ চলমান রয়েছে; তবে জমি অধিগ্রহনের দীর্ঘসূত্রতার কারণে এ প্যাকেজ সমূহের অগ্রগতি ব্যহত হচ্ছে। প্রকল্প পরিচালক আরো জানান যে, প্রকল্পের ৬ষ্ঠ স্টিয়ারিং কমিটির সভার দিক নির্দেশনার আলোকে ধান কাটার মৌসুমে ধান মাড়ানো ও শুকানোর জন্য ৫টি হাওরে Threshing and Drying Floor নির্মাণ কাজ চলমান রয়েছে। এছাড়া ৬ষ্ঠ স্টিয়ারিং কমিটির সিদ্ধান্ত অনুযায়ী প্রতিটি Threshing and Drying Floor এ বজ্রপাতের ঝুঁকি হ্রাসের জন্য Lighting Arrested সংযোজন সহ ২টি Shed (১টি পুরুষ ও অন্যটি মহিলা), Tube well ও Sanitary Latrine ইত্যাদি সুবিধাদি সংযোজন করা হয়েছে। এ প্রকল্পের দীর্ঘদিন স্টিয়ারিং কমিটির সভা না হওয়ায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। প্রকল্প পরিচালক প্রকল্পের জীবনযাত্রার মান উন্নয়ন অংশের বিভিন্ন কার্যক্রম তুলে ধরেন:-	(ক) জীবনযাত্রার মান উন্নয়ন কার্যক্রমগুলি শোকেজিং-এর ব্যবস্থা করতে হবে। (খ) প্রকল্পের আওতায় গৃহীত কার্যক্রমের বিষয় প্রচারের ব্যবস্থা করতে হবে। (গ) জমি অধিগ্রহণের বিষয় ত্বরান্বিত করার লক্ষ্যে সংশ্লিষ্ট জেলা প্রশাসকদের	বাপাউবো ও প্রকল্প পরিচালক। বাপাউবো ও প্রকল্প পরি

এযাবৎ ৩০০টি পানি ব্যবস্থাপনা দল গঠন করা হয়েছে। তন্মধ্যে ২২৩টি পানি ব্যবস্থাপনা দল নিবন্ধন পেয়েছে। গঠিত পানি ব্যবস্থাপনা দলে মোট সদস্য সংখ্যা ১,৫৩,০৯১ জন তন্মধ্যে মহিলা ৬৯,৮৫৯ জন। সদস্যদের সঞ্চয়কৃত অর্থ ৪.৪০ কোটি টাকা যা পানি ব্যবস্থাপনা দলের স্থানীয় ২৯২টি ব্যাংক হিসাবে জমা আছে। এ পর্যন্ত ৮৮,৭৬৮ জনকে বিভিন্ন ধরনের প্রশিক্ষণ ও সহায়তা প্রদান করা হয়েছে। APSS (Agriculture Promotion Support Sub projects) কার্যক্রমে ২৪,১৭৯ জনকে আধুনিক পদ্ধতিতে ধান চাষ বিষয়ক প্রশিক্ষণ, ২০৭০ জন মহিলাকে সবজির আধুনিক চাষাবাদ প্রযুক্তি, ২৬০ জনকে নার্সারিতে চারা উৎপাদন ও ব্যবস্থাপনা বিষয়ে এবং ২,৩৮৫ জনকে গবাদি পশু ও হাঁস মুরগি পালন বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। সমন্বিত খামার ব্যবস্থাপনা বিষয়ে নির্বাচিত কৃষকদের ৪৫৪ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। SIGA (Small Scale Income Generation Sub-Projects) কার্যক্রমে ৬,৫৪১ জন দুঃস্থ মহিলাদের মাঝে হাঁস বিতরণ, ছাগল বিতরন করা হয়েছে। ৭০৫ জন শিক্ষিত ও দুঃস্থ মহিলাদের মাঝে সেলাই মেশিন সরবরাহ এবং প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এ পর্যায়ে সভাপতি বলেন, জীবনযাত্রার মান উন্নয়ন কার্যক্রমের বিষয়গুলি যথাযথভাবে প্রচারের ব্যবস্থা করতে হবে। এ প্রকল্পে মোট ৪৫৯.০০ হেক্টর জমি অধিগ্রহণের প্রয়োজনীয়তা রয়েছে। তন্মধ্যে ২৮-০৫-২০২১ তারিখ পর্যন্ত মোট ৫টি হাওরে (কিশোরগঞ্জ ৪টি, হবিগঞ্জ ১টি) মাননীয় প্রধানমন্ত্রীর দপ্তর র্কতৃক ২৩০.২৫ হেক্টরের চূড়ান্ত অনুমোদন পাওয়া গেছে। অবশিষ্ট ২২৮.৭৫ হেক্টর (৪৫৯-২৩০.২৫) জমি হতে সুনামগঞ্জ জেলার ২টি হাওরের (ধর্মপাশা রুই বিল ও ঢাকুয়া হাওর) ৮৩.৯০ হেক্টর জমির প্রশাসনিক অনুমোদন এবং কিশোরগঞ্জ জেলা ২টি হাওরের ৮৭.৫৫ হেক্টর জমির ডিএলএসি সভা হয়েছে। এছাড়া, ৫৭.৩০ হেক্টর জমি অধগ্রিহণের জন্য জেলা প্রশাসকের দপ্তরে যাচাই-বাছায়ের কাজ চলমান রয়েছে। জমি অধিগ্রহণ একটি জটিল ও দীর্ঘসূত্রতা প্রক্রিয়া। এছাড়া, Covid-19 সহ বিভিন্ন প্রতিবন্ধকতার দরুন জমি অধিগ্রহণ প্রক্রিয়া আরো বিলম্বিত হচ্ছে। জমি অধিগ্রহণ প্রক্রিয়া সময্মত না হওয়ার দরুন অনেক প্যাকেজের কাজ সর্বোতভাবে সম্পন্ন করা যাচ্ছে না। জমি অধিগ্রহণ প্রক্রিয়া সম্পন্ন করে অবশিষ্ট প্যাকেজসমূহের কাজ বাস্তবায়ন এবং Covid-19 এর কারণে পিছিয়ে পড়া জীবনযাত্রার মান উন্নয়ন কার্যক্রম সম্পন্নের জন্য প্রকল্প পরিচালক প্রকল্পের মেয়াদ (No Cost variation) ১(এক) বৎসর বৃদ্ধি করার বিষয়ে সভাপতির নিকট আবেদন জানান।	সাথে ভিডিও কনফারেন্স এর ব্যবস্থা গ্রহণ করতে হবে। (ঘ) নিয়মিত স্টিয়ারিং কমিটির সভা আয়োজন করতে হবে।	চালক। বাপাউবো, পাসম ও প্রকল্প পরিচালক। উন্নয়ন-০৩ শাখা, পাসম।

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কবির বিন আনোয়ার
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩৬.২৪.০১০.১৪(অংশ-১)-২৫৩

তারিখ: ২১ আষাঢ় ১৪২৮
০৫ জুলাই ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ({দৃ: আ: উপ-সচিব (বাজেট-৬)}।

২) সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃ আঃ যুগ্ম-প্রধান, কৃষি মন্ত্রণালয়)।

৩) সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।

৪) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।

৫) সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

৬) সদস্য, কৃষি, পানি সম্পদ, পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা (দৃ: আ: যুগ্ম-সচিব, সেচ উইং)।

৭) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

৮) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৯) মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর

১০) মহাপরিচালক , বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর

১১) অতিরিক্ত সচিব, প্রশাসন, পানি সম্পদ মন্ত্রণালয়

১২) অতিরিক্ত সচিব, উন্নয়ন উইং, পানি সম্পদ মন্ত্রণালয়

১৩) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ

১৪) অতিরিক্ত মহাপরিচালক (পুর্ব রিজিয়ন) (অতিরিক্ত দায়িত্ব), পুর্ব রিজিয়ন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১৫) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), পরিকল্পনা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১৬) যুগ্মসচিব, পরিকল্পনা উইং, পানি সম্পদ মন্ত্রণালয়

১৭) যুগ্ম সচিব, যুগ্মসচিব উন্নয়ন-২ এর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়

১৮) প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

১৯) প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

২০) Mr. Md. Fakhrul Abedin, Co-Team Leader-2, ‘‘হাওর এলাকায় বন্যা ব্যবস্থাপনা ও জীবনযাত্রার মান উন্নয়ন (বাপাউবো অংশ)’’ শীর্ষক প্রকল্প, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।

২১) কনসালটেন্ট টিম লীডার, এইচ এফ এম এল আইপি (স্থানীয় সরকার অংশ), লেভেল-১১, স্থানীয় সরকার অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

২২) তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, ‘‘হাওর এলাকায় বন্যা ব্যবস্থাপনা ও জীবনযাত্রার মান উন্নয়ন (বাপাউবো অংশ)’’ শীর্ষক প্রকল্প, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, পানি ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা।

২৩) প্রকল্প পরিচালক, এইচ এফ এম এল আইপি (স্থানীয় সরকার অংশ), লেভেল-১১, স্থানীয় সরকার অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

২৪) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জ

২৫) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ

২৬) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা

২৭) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ

২৮) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয় , হবিগঞ্জ

২৯) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া

৩০) উপপ্রধান, পরিকল্পনা-১ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়

৩১) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়

৩২) উপসচিব, পরিকল্পনা-১ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়

৩৩) Mr. Yasuhiro Kawazoe, Senior Representative, Japan International Cooperation Agency (JICA), Bangladesh Office, 3rd Floor, Bay’s Galleria, 57 Gulshan Avenue, Gulshan-1, Dhaka-1212.

৩৪) Mr. Takumi Tsuchiya, Representative, Japan International Cooperation Agency (JICA), Bangladesh Office, 3rd Floor, Bay’s Galleria, 57 Gulshan Avenue, Gulshan-1, Dhaka-1212.

৩৫) Mr. Anisuzzaman Chowdhury, Program Manager, Social Development Sector (Disaster Management Climate Change & Rural Water Resources), Japan International Cooperation Agency (JICA), Bangladesh Office, 3rd Floor, Bay’s Galleria, 57 Gulshan Avenue, Gulshan-1, Dhaka-1212.

৩৬) জনাব মোঃ সোহেল মাসুদ, পরিচালক (এফএমজি), ইনস্টিটিউট অব ওয়াটার মডেলিং (আইডব্লিউএম), বাড়ি নং-৪৯৬, রোড নং-৩২, নিউ ডিওএইচএস, মহাখালী, ঢাকা-১২০৬।

৩৭) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর , স্থানীয় সরকার বিভাগ

৩৮) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়

৩৯) নির্বাহী প্রকৌশলী, কিশোরগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, কিশোরগঞ্জ।

৪০) নির্বাহী প্রকৌশলী, ''হাওর এলাকায় বন্যা ব্যবস্থাপনা ও জীবনযাত্রার মান উন্নয়ন (বাপাউবো অংশ)'' শীর্ষক প্রকল্প, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, পানি ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা।

৪১) প্রোগ্রামার, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভার কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

নাজমুল ইসলাম ভূইয়া
উপসচিব